

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 05-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Gramin Bharat Mahotsav :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গ্রামীণ ভারতকে ক্ষমতায়ন করার জন্য গ্রামগুলিকে বৃদ্ধি ও সুযোগের প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করার বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গির উপর জোর দিয়েছেন। গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপে ছ'দিনব্যাপী গ্রামীণ ভারত মহোৎসবের উদ্বোধনের পর সমাবেশে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী বলেন যে আদিবাসী এলাকার উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী জনমন যোজনা কয়েক দশক ধরে উন্নয়ন থেকে বঞ্চিত অঞ্চলগুলির জন্য সমান অধিকার নিশ্চিত করছে।

প্রধানমন্ত্রী বলেন যে পল্লী উন্নয়নের মাধ্যমে ২৫ কোটি মানুষকে দারিদ্র্য থেকে বের করে আনা হয়েছে, যাদের অধিকাংশই গ্রামীণ এলাকার।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেন যে দরিদ্র, কৃষক, যুবক এবং মহিলাদের কল্যাণ ও অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য বেশ কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

এই মহোৎসবের উদ্দেশ্য হল গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন সহ উত্তর-পূর্ব ভারতে বিশেষ নজর দেয়া এবং গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে অর্থনৈতিক স্থিতিশীলতা এবং আর্থিক নিরাপত্তার প্রচার।

\*\*\*\*\*

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু বলেছেন রাজ্য সরকার দিব্যাস্ত্র ও দৃষ্টিহীনদের সমাজের মূলস্রোতে প্রতিষ্ঠিত করতে প্রতিশ্রুতি বদ্ধ। আগরতলা প্রেস ক্লাবে বিশ্ব ব্রেইল দিবস উপলক্ষ্যে গতকাল

অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশন দ্বারা আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন রাজ্যের দুটি দৃষ্টিহীন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ফলাফল তাদের মেধাকে পরিস্ফুট করে। তিনি বলেন বিশেষ ভাবে সক্ষম ছাত্রছাত্রীদের জন্য মুখ্যমন্ত্রীর প্রকল্পগুলি তাদের পড়াশুনায় অনেক সাহায্য করছে। রাজ্যপাল জানান আগামীদিনে শুধুমাত্র তাদের জন্য চাকুরীক্ষেত্রে কিছু পদ সৃষ্টি করার কথা সরকারের বিবেচনাধীন রয়েছে।

উল্লেখ্য ত্রিপুরায় এখন ৩০-৩২ হাজারের মতো দৃষ্টিহীন ব্যক্তি রয়েছেন।

\*\*\*\*\*

#### **PM Surjya ghar mufat bijli yojna:**

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনায় রাজ্যবাসীকে নিজেস্ব বিদ্যুৎ উৎপাদনে সক্ষম করা তোলা হচ্ছে। গতকাল আগরতলা পুর নিগমের কনফারেন্স হলে এই প্রকল্পে বিদ্যুৎ ভোক্তাদের সচেতন করতে এক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে বিদ্যুৎমন্ত্রী একথা জানান। তিনি জানান, প্রধানমন্ত্রী গত বছরের ১৩ই ফেব্রুয়ারী পিএম সূর্য-ঘর মুফত বিজলি প্রকল্পের সূচনা করেন। যার মূল উদ্দেশ্য বাড়ির ছাদ ব্যবহার করে সৌর ক্ষমতার অংশীদারিত্ব বাড়ানো। বিদ্যুৎমন্ত্রী শ্রী নাথ আরও বলেন, এই প্রকল্পের সুবিধা ২০২৬ সাল পর্যন্ত পাওয়া যাবে। গ্রাহকদের সুবিধার্থে সোলার প্ল্যান্ট স্থাপনের জন্য সরকার ভর্তুকি প্রদান করছে। এই প্ল্যান্টের মেয়র হবে ২৫ বছর। আলোচনা সভায় বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।

\*\*\*\*\*

#### **TET Exam:**

TRBT-র পক্ষ থেকে পরীক্ষা নিয়ামক ড: শশাঙ্ক ঘোষ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন আগামী ৪ঠা মে TET Paper-1 পরীক্ষা গৃহিত হবে। গড়িয়া পূজার জন্য পূর্ব নির্ধারিত ২০শে এপ্রিলের পরিবর্তে TET Paper-1 এর পরীক্ষা পিছিয়ে ৪ঠা মে করা হয়েছে।

\*\*\*\*\*

#### **AMC - winter cloth distribution:**

আগরতলা পুর নিগমের বর্তমান কমিটির তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে গতকাল সন্ধ্যায় ৩১নম্বর ওয়ার্ডে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পুর নিগমের কর্পোরেটর অঞ্জনা দাস সহ অন্যরা।

\*\*\*\*\*

#### **Transport Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগরতলার এম বি বি বিমানবন্দরে রাত্রিকালীন আরও অধিক সময়ে বিমান চলাচলের জন্য রাজ্য সরকারের তরফে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হয়েছিল। এই অনুরোধের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই সম্প্রতি এক চিঠিতে জানিয়েছেন, আগরতলা বিমানবন্দরে নিরাপত্তা ব্যবস্থা সম্প্রসারণের উদ্দেশ্যে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী CISF এ অতিরিক্ত ২৬৬ জন জওয়ান নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে। গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান।

\*\*\*\*\*

#### **Women's Cricket :**

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে গ্রুপের প্রথম ম্যাচে ত্রিপুরা পরাজিত হয়েছে।

গতকাল নাগপুরে অনুষ্ঠিত খেলায় রাজস্থান ১৫১ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### **Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার গতকাল চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে ক্রিকেট এগিয়ে চলো সংঘ ২৫১ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে, নেপকো মাঠে এডি নগর কোচিং সেন্টার ৯৮ রানে তরুন সংঘ কোচিং সেন্টারকে, বি কে এন ভি মাঠে শতদল সংঘ কোচিং সেন্টার ৯ উইকেটে পোলস্টার ক্লাবকে এবং আশ্বেদকর স্কুল মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ৭৫ রানে জুয়েলস কোচিং সেন্টারকে পরাজিত করে।

\*\*\*\*\*

#### **Football:**

ADC-র ক্রীড়া দপ্তরের উদ্যোগে TTAADC সুপার লিগ ফুটবল ম্যাচে গতকাল খুমলুং স্টেডিয়ামে আয়োজিত ফুটবল ম্যাচে সিপাহীজলা টাইগার্স দল ২-১ গোলে উনকোটি চ্যালেঞ্জার্স দলকে পরাজিত করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ আজ অংশত মেঘলা থাকবে। সকালের দুকে কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৬ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*

